Krishnapur Refugee Co-operative Colony Ltd. Registd. No. 69/24 Parganas. Seal. Dum Dum Park, Calcutta-55

... Indian stamp ... 1989. 23

For and on behalf of Krishnapur Refugee Co...

Additional District Sub-Registrar Bidhannagar, Salt Lake City
6.5.89.

কোবালা গ্রহীতা

১। শ্রী/শ্রীমতী সুবাসিনী ঘোষ
পতি ৺ আশুতোষ ঘোষ
২। শ্রী রনজিৎ কুমার ঘোষ
৩। শ্রী- মানিক লাল ঘোষ
৪। শ্রী- প্রদীপ কুমার ঘোষ
৫। শ্রী- প্রভাস কুমার ঘোষ
পিং ৺ আশুতোষ ঘোষ
৬। শ্রীমতী- মিনতি ঘোষ
স্বামী শ্রী- অজয় কুমার ঘোষ
৭। শ্রীমতী লক্ষ্মীরানী ঘোষ
স্বামী ৺ ক্ষিতীশ চন্দ্র ঘোষ
৮। শ্রী- জয়দেব ঘোষ
৯। শ্রী- বাসুদেব চন্দ্র ঘোষ
১০। শ্রী- স্বপন কুমার ঘোষ
১১। শ্রী তপন কুমার ঘোষ
পিং ৺ ক্ষিতীশ চন্দ্র ঘোষ
১২। শ্রীমতী মালতী ঘোষ
স্বামী শ্রী- ভজানন্দ ঘোষ
সাং ৫১৪ দমদম পার্ক- থানা লেকটাউন
কলিকাতা-৫৫

কোবালা দাতা

# দি কৃষ্ণপুর রিফিউজি কো-অপারেটিভ কলোনী লিমিটেড

রেজিষ্টার্ড নং ৬৯।২৪ পরগণা, ১৯৪৯
সাং—দমদম্ পার্ক থানা—দমদম্
জিলা—২৪ পরগণা

পক্ষে—

সেক্রেটারী—
শ্রী— বিনয় লক্ষ্মীনারায়ণ দাস, পিং ৺ ... সাং ৪৫৩ দমদম পার্ক কলি-৫৫।

ডিরেক্টর—
শ্রী— সোমেন্দ্র নাথ বসু, পিং ৺ উপেন্দ্র নাথ বসু, সাং ১৩৫ দমদম পার্ক, কলি-৫৫.

কস্য বসবাসের জন্য নিস্কর স্বত্বের জমি জমা সমেত সর্ব্বপ্রকার ইজমেণ্ট স্বত্ব দরবস্ত হক্ হকুক্ বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে জেলা ২৪ পরগণা থানা রাজারহাট বর্ত্তমানে দমদমের অন্তর্গত জে, এল, নং ১৭ মৌজা কৃষ্ণপুর বর্ত্তমানে শ্যামনগর মধ্যে নিম্ন "ক" তপশীলে বর্ণিত জমিতে পশ্চিমবঙ্গ সরকারের অনুমোদিত সোসাইটির নিজস্ব প্ল্যান বর্ণিত প্লট নং ৫১৪ "খ" তপশীলে বর্ণিত জমি সমেত অন্যান্য দাগের জমি কোবালা দাতা দি কৃষ্ণপুর রিফিউজি কো-অপারেটিভ কলোনী লিমিটেডের সভ্য/সভ্যা পূর্ব্ববঙ্গ হইতে আগত প্রকৃত উদ্বাস্তু ও গৃহহীন সরকারী কর্ম্মচারীদিগের পুনর্বসতির জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিকট হইতে ১৯৭৫ সালের ২৭এ নভেম্বর তারিখের স্বাক্ষরিত ও হস্তান্তর দলিল (ডিড্ অফ কনভেয়ানস্) যাহা ২৮এ নভেম্বর ১৯৭৫ তারিখে কাশীপুর দমদম্ সাব্ রেজেষ্ট্রী অফিসের ১নং বইতে ভলিউম নং ১৭৫ পৃষ্ঠা ১৯৩ হইতে ২০০ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ এবং ৯৮১১ নং দলিলে রেজিষ্ট্রীকৃত হয়, উক্ত দলিল মূলে প্রাপ্ত হইয়া দলিল দাতা সমিতি তপশীল সম্পত্তিতে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দখলিকার আছেন। উক্ত সম্পত্তি কোবালা দাতা সমিতি ইং ১৯৫১ সালের ২১এ ডিসেম্বর তারিখে পশ্চিমবঙ্গ সরকারের সহিত সম্পাদিত এগ্রিমেণ্ট মূলে সরকারের নিকট হইতে দখল প্রাপ্ত হইয়া সমিতির সভ্য/সভ্যা প্রকৃত উদ্বাস্তু ও গৃহহীন সরকারী কর্মচারী সহ বর্ত্তমান কোবালা গ্রহীতার সহিত বন্দোবস্ত (এলট্‌মেণ্ট) করিয়াছিলেন, যাহা কোবালা দাতা সমিতি বহু অর্থ ব্যয়ে সরকার নির্দ্ধারিত নক্‌সা ও উন্নয়ন পরিকল্পনা অনুসারে জমি অধিগ্রহণ, জমি উন্নয়ন, রাস্তা তৈয়ারী ইত্যাদি কার্য্য সমাপন হওয়ায় এইক্ষন পশ্চিমবঙ্গ সরকারের নিকট হইতে বিগত ২৭এ নভেম্বর ১৯৭৫ সাল ডিড্ অফ কন্‌ভেয়ানস্ পাওয়ায় কোবালা দাতা সমিতির কার্য্যকরী কমিটির ১১/১/৭৬ তাং এর সভায় ৩নং সিদ্ধান্ত অনুযায়ী সমিতির সভ্য/সভ্যাগণের বরাবর বিক্রয় কোবালা সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে সাব্যস্ত

11|10

Presented for registration at on the 6th day of May 1989
at the ... Sub-Registry Office
Binay Bhusan Nandi Majumdar
by the
Executant/Claimant ...

admitted by the ...

B. B. Nandi Majumdar

Additional District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
6.5.89.

Execution is A/
(1) Binay Bhusan Nandi Majumdar S/O Susil Ch. Nandi Majumdar (2) ... Nath Basu S/O Nagendra Nath Basu

NORTH/...
of 159 ... R...
Thana ... Cal-53
Dist. North 24-Parganas,
By caste Hindu/Muslim/Christian
By profession/service/
business ...

For and on behalf of
Krishnapur Refugee Co-operative Colony Ltd.

B. B. Nandi Majumdar

Secretary

T. I. dispensed with.

Additional District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
6.5.89.

L. Bose

Director

by Nani Gopal Mallick
S/O Sital Ch. Mallick
140 P. K. Guha Rd
... Cal-28
Dist. North 24-Parganas,
By caste Hindu/Muslim/Christian
By profession/service/
business ...

Additional District Sub-Registrar,
Bidhannagar, (Salt Lake City)
6.5.89.

Nani Gopal Mallick

For and on behalf
Krishnapur Refugee Co

করায় আপনি কোবালা গ্রহীতা পূর্ব্ববঙ্গের প্রকৃত উদ্বাস্তু/সরকারী কর্মচারী ও সমিতির সভ্য/সভ্যা বিধায় এবং স্বীয় বসবাসের জন্ম "খ" তপশীল বর্ণিত সম্পত্তিতে পূর্ব্বোক্ত বন্দোবস্ত মূলে গৃহাদি নির্ম্মানে বসোবাস পূর্ব্বক দখলিকার আছেন। বর্ত্তমানে উক্ত "খ" তপশীল বর্ণিত সম্পত্তি আপনার বরাবর কোবালা সম্পাদন করা আবশ্যক বিধায় উক্ত জমির নির্দ্ধারিত সর্ব্বোচ্চ ধার্য্য মোট মূল্য ৪১৭৫·৭৫ টাকা বিভিন্ন তারিখে প্রাপ্ত হইয়া আপনার বরাবর অত্র সাফ্ বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার ও প্রচার করিতেছি যে নিম্ন "খ" তপশীল বর্ণিত জমি জমায় কোবালা দাতা সমিতির লিমিটেডের যে সত্ব স্বামীত্ব, দখল, অধিকার, হক্ হকিয়ত্ আছে তাহা অত্র কোবালা মূলে অদ্য হইতে সম্পূর্ণরূপে বিলুপ্ত হইয়া আপনাতে বর্ত্তিল এবং উক্ত জমি জমা হইতে কোবালা দাতা সমিতি চিরতরে নিঃস্বত্ববান ও দখলচ্যুত হইলেন, ভবিষ্যতে কোবালা দাতা সমিতি নিম্ন "খ" তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তিতে কস্মিনকালে কোন দাবী দাওয়া করিতে পারিবেনা না। করিলে তাহা সর্ব্ব স্থানে ও সর্ব্ব আদালতে, সর্ব্ব প্রকারে বাতিল ও অগ্রাহ্য হইবে। নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত জমি জমায় আপনি কোবালা গ্রহীতা মালিক সেরেস্তায় ও অন্যান্য আবশ্যকীয় স্থানে আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক ট্যাক্সাদি প্রদানে নির্ব্যূঢ় সত্বে সত্ববান ও দখলিকার হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশ স্থলাভিষিক্তগণ ক্রমে এবং দাতা সমিতির উপবিধি ও প্রচলিত আইনের বিধান অনুসারে দান বিক্রয়াদি হস্তান্তর করিবার এবং জমি বন্দোবস্ত দেওয়ার ক্ষমতা যুক্তে এবং জমিতে পাকা ইমারতাদি, গৃহাদি ও স্যানিটারী পায়খানা প্রভৃতি নির্মাণ পূর্ব্বক বসবাস করতঃ এবং পরিকল্পনা অনুযায়ী সমস্ত সাধারণ সম্পত্তি ( রাস্তাঘাট পুকুর ইত্যাদি ) ব্যবহার করিবার অধিকারে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে কোবালা দাতা সমিতি বা তৎ স্থলাভিষিক্ত অপর কাহারও কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না, বিক্রীত সম্পত্তিতে বর্ত্তমানে কোন কর ধার্য্য নাই। ভবিষ্যতে সরকার কর্ত্তৃক কোন কর ধার্য্য হইলে গ্রহীতা উক্ত কর দিতে বাধ্য রহিলেন। নিম্ন "খ" তপশীলভুক্ত সম্পত্তি বিক্রয় করিবার উক্ত সমিতি লিঃএর বর্ত্তমানে উত্তম সত্ব ও দান বিক্রয়ের সম্পূর্ণ অধিকার ও ক্ষমতা আছে; উহা কোন প্রকারে দায় বদ্ধ নাই। কোবালা দাতা সমিতি ১৯৫১ সালের ২১ ডিসেম্বর তাং এগ্রিমেন্টমূলে ১৯৭৫ সালের ২৭এ নভেম্বর তারিখে সরকারের নিকট হইতে ডিড অফ কনভেয়ানস্ প্রাপ্ত হইয়া নির্দ্দায় ও মুক্ত অবস্থায় অত্র বিক্রয় কোবালা সম্পাদন করিলেন। মালিক সেরেস্তায় বা অন্যান্য আবশ্যকীয় স্থানে গ্রহীতার নাম পত্তনে আবশ্যক হইলে কোবালা দাতা সমিতি বিনাসত্বে সর্ব্বপ্রকার সাহায্য দিতে বাধ্য থাকিলেন। সম্পত্তির পরিচয়াদিতে কোন প্রকার ভুল ভ্রান্তি ভবিষ্যতে প্রকাশ পাইলে তাহাও সংশোধনের জন্য আবশ্যকীয় দলিলাদি আপনি কোবালা গ্রহীতা আপনার খরচায়, কোবালা দাতা সমিতি সম্পাদন ও রেজেষ্টারী করিয়া দিতে বাধ্য রহিলেন। প্রকাশ থাকে যে উক্ত "খ" তপশীলভুক্ত বিক্রীত সম্পত্তি আবদ্ধ রাখিয়া আপনি কোবালা গ্রহীতা কোন সরকারী ঋণ গ্রহণ করিয়া থাকিলে তাহা আপনি পরিশোধ করিতে বাধ্য রহিলেন, উহার জন্য দাতা সমিতির যে কোন দায় ও দায়িত্ব ছিল তাহা অদ্য হইতে বিলুপ্ত হইল। প্রাকাশ থাকে যে সভ্যদের সঙ্গে চুক্তি মতে অত্র দলিল রেজেষ্ট্রী করার যাবতীয় খরচাদি সমিতি বহন করিতে বাধ্য আছেন।

For and on behalf of
Krishnapur Refugee ...
B. B. ...

এতদ্বার্থে কোবালার পনের সম্পূর্ণ মবলকে টাকা ৪১৭৫.৭৫ চারি হাজার একশত পঁচাত্তর টাকা পঁচাত্তর পয়সা—

প্রাপ্ত হইয়া কোবালা দাতা সমিতি তদীয় কার্যকরী সমিতির ১১।১।৭৬ তাং সভার ৩নং সিদ্ধান্ত অনুসারে সমিতির পক্ষে সেক্রেটারী ও ক্ষমতা প্রাপ্ত কার্যকরী সমিতির ডিরেকটর অত্র দলিলের মর্ম সকল সম্যক অবগত হইয়া সুস্থ শরীরে সরলমনে অত্র কোবালা দলিল সম্পাদন করিয়া দিলেন। ইতি—

সন ১৩৯৬— তারিখ ২৩শে বৈশাখ ইং ১৯৮৯ - ৬ই মে

<u>তপশীল "ক"</u>

জিলা ২৪ পরগণা থানা রাজার হাট মৌজা কৃষ্ণপুর জেঃ—এল নং ১৭ সাব রেজেষ্ট্রারী কাশীপুর দমদম অধীন সি. এস দাগ নং ২৩২৩, ২৩২৪, ২৩২৬, ২৩২৭, ২৩৩০-৩৩, ২৩৪৩-৭৩ ২৩৭৬-৯৩, ২৩৯৫-২৪০৪, ২৪১৩-১৭, ২৪২৫-৩২, ২৪৪০, ২৪৪২-৯১ এবং ২৫৫৫-৫৮ মাপ সুরত কমবেশ ৮৫.৩৩ একর যাহা বর্তমান জরিপে দমদম থানা অধীন শ্যামনগর মৌজা ভুক্ত হইয়াছে।

<u>তপশীল "খ" সম্পত্তি</u>

জিলা ২৪ পরগণা থানা রাজার হাট সাব রেজেষ্ট্রারী কাশীপুর দম্‌দম্‌ অধীন মৌজা কৃষ্ণপুর জেঃ এল নং ১৭ ভুক্ত সি. এস দাগ নং ২৩৬৮— অন্তর্গত অত্র দলিলের সহিত অন্তর্ভুক্ত সমিতির নিজস্ব নক্সার লাল কালিতে চিহ্নিত প্লট নং ৫১৪ হইতেছে—উহার জমির পরিমাণ কমবেশী ৭.২৫ কাঠা/ — বর্গফুট হইতেছে। উক্ত সম্পত্তিতে বর্তমানে কোন কর ধার্য্য নাই। উক্ত জমি জমা বর্তমান জরিপে দম্‌দম্‌ থানা অধীন শ্যামনগর মৌজা ভুক্ত হইয়াছে।

<u>চৌহদ্দি</u>

সমিতির নক্সায় লাল কালিতে চিহ্নিত প্লট নং ৫১৪

উত্তরে রাস্তা— পূর্বে ৫১৫, ৫৭, ৫১৩ প্লট—

দক্ষিণে ... খাল— পশ্চিমে ৫১৩

লেখক ও ইসাদী ...

সাং ...

For and on behalf of
Krishnapur Refugee Co-operative Colony Ltd.

শ্রী— B. B. Nanda Majumdar

সেক্রেটারী— Secretary

শ্রী—

ডিরেক্টর—

Director

Additional District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
6.5.89.

Additional District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
30.9.89

Book No. I
Volume No. 78
Pages 113 – 122
Being No. 3668
for the year 19 89